

মুজিবনগরে ভারতীয় পেঁয়াজবীজ সহ আটক-১

মুজিবনগর থানায় আটক সেলিম
জাহাঙ্গীর

মেহেরপুরের মুজিবনগরে ভারতীয় পেঁয়াজের বীজ সহ সেলিম জাহাঙ্গীর নামের এক চোরাকারবারিকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। শনিবার (২১ অক্টোবর) ভোর সাড়ে চারটার সময় মুজিবনগর উপজেলার মাঝপাড়া গ্রাম থেকে সেলিম জাহাঙ্গীরকে সাত বস্তা ভারতীয় পেঁয়াজের বীজসহ আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। উদ্ধারকৃত পিঁয়াজ বীজের আনুমানিক বাজার মূল্য ২ লক্ষ ২৪ হাজার টাকা।
মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, গোপন খবরের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই ইসরাফিলের নেতৃত্বে পুলিশের একটি দল বিশেষ অভিযানে মুজিবনগরের মাঝপাড়া গ্রামের মৃত ছমীর উদ্দিনের ছেলে বাবর আলীর বাড়ির সামনে থেকে সাত বস্তা ভারতীয় পেঁয়াজবীজ সহ সেলিম জাহাঙ্গীর নামের এক চোরাকারবারীকে আটক করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে সেলিম জাহাঙ্গীরের ৩-৪ জন সহযোগী পালিয়ে যায়।
এ সময় তাদের মাধ্যমে চোরাচালান হয়ে আসা ৫৬ কেজি পেঁয়াজ বীজ জব্দ করে মুজিবনগর থানা পুলিশ।
মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল জানান, ‘সীমান্ত দিয়ে ভারতীয় পেঁয়াজ বীজের একটি চালান অবৈধভাবে আসছে এমন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান চালিয়ে একজন চোরা কারবারিকে আটক করা হয়েছে। তার সহযোগীদের আটকের চেষ্টা চলছে। এ বিষয়ে একটি মামলা

[illegible]